

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা  
(বিচার শাখা)  
www.supremecourt.gov.bd

স্মারক নং- ২৪৬৯

জে,

তারিখ : ২৮ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ  
১৩ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: 'আমাদের বিচারালয়' নামকরণে বাংলাদেশ সুপ্রীম কোর্ট বুলেটিন এ প্রকাশের লক্ষ্যে অধস্তন জেলা আদালতসমূহের ইতিহাস, ঐতিহ্য, গৃহীত উদ্ভাবনী কার্যাবলী, আদালত ভবনসমূহের ছবি এবং বিগত ২০২২ সালের মামলা দায়ের ও নিষ্পত্তির বিবরণী (এক পৃষ্ঠার মধ্যে) প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক 'আমাদের বিচারালয়' নামকরণে বাংলাদেশ সুপ্রীম কোর্ট বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অধস্তন জেলা আদালতসমূহের ইতিহাস, ঐতিহ্য, গৃহীত উদ্ভাবনী কার্যাবলী, আদালত ভবনসমূহের ছবি এবং বিগত ২০২২ সালের মামলা দায়ের ও নিষ্পত্তির বিবরণী উক্ত বুলেটিন এ সন্নিবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত বুলেটিন এ দেশের প্রতিটি জেলার আদালতসমূহের ইতিহাস-ঐতিহ্য, গৃহীত উদ্ভাবনী কার্যাবলী, আদালতের ছবি এবং বিগত ২০২২ সালের মামলা দায়ের ও নিষ্পত্তির বিবরণীর জন্য একটি করে পৃষ্ঠা বরাদ্দ থাকবে। এ লক্ষ্যে প্রতিটি জেলার জেলা ও দায়রা জজ কর্তৃক তাঁর জেলায় অবস্থিত আদালতসমূহের ইতিহাস, ঐতিহ্য, গৃহীত উদ্ভাবনী কার্যাবলী, আদালত ভবনসমূহের ছবি এবং বিগত ২০২২ সালের মামলা দায়ের ও নিষ্পত্তির বিবরণী সংগ্রহপূর্বক অত্র কোর্টে প্রেরণ করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, 'আমাদের বিচারালয়' নামকরণে প্রকাশিতব্য বুলেটিন এ প্রকাশের নিমিত্ত আপনার জেলায় অবস্থিত আদালতসমূহের ইতিহাস, ঐতিহ্য, গৃহীত উদ্ভাবনী কার্যাবলী, আদালত ভবনসমূহের ছবি এবং বিগত ২০২২ সালের মামলা দায়ের ও নিষ্পত্তির বিবরণী (এক পৃষ্ঠার মধ্যে) আগামী ৩০.০৩.২০২৩ তারিখের মধ্যে অত্র কোর্টে এবং সফট কপি ই-মেইলে (bulletin.supremecourt@gmail.com) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এতদসংক্রান্তে সফট কপি SutonnyMJ ফন্ট-এ হতে হবে।

২৩.০৩.২০২৩  
(মোঃ গোলাম রব্বানী)  
রেজিস্ট্রার জেনারেল  
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫  
ইমেইল: [rg@supremecourt.gov.bd](mailto:rg@supremecourt.gov.bd)

জেলা ও দায়রা জজ

----- (সকল)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। অফিস কপি।

(মোঃ মিজানুর রহমান)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)  
ফোনঃ +৮৮০২২২৩৩৮১৮৬৫